

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ২.৩.১ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মো: আবদুল ওয়াহাব ভূঞা  
মহাপরিচালক (গ্রেড-১)।  
সভার তারিখ ও সময় : ২০ ডিসেম্বর, ২০২২খ্রি, বেলা ১২.০০ টা।  
সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)  
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন জনপ্রশাসনে দায়বদ্ধতা বৃদ্ধি ও সরকারি সেবার মানোন্নয়নের জন্য অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ২.৩.১ এ অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান।

২। সভাপতির অনুমতিক্রমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) জানান, এ অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তির হার সন্তোষজনক। সভায় উপস্থিত সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি উপসচিব ও আপীল নিষ্পত্তি কর্মকর্তা জনাব ফারজানা সিদ্দিকা এ অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তির কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন।

৩। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করতে হবে এবং প্রতি মাসের ৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। পাশাপাশি ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ সহকারী প্রোগ্রামার
৩.২	অভিযোগপত্রে অভিযোগকারীর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর থাকা আবশ্যিক। বেনামী অভিযোগপত্র বিবেচনায় নেয়া যাবে না।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
৩.৩	ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ সহকারী প্রোগ্রামার
৩.৪	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)  
মহাপরিচালক (গ্রেড-১)।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৬.২১. ৬৭০৮

তারিখ: ২২ পৌষ, ১৪২৯  
২৭ ডিসেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।

- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেভারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অফিস কপি।

  
(শামীম অকবর)  
উপপরিচালক (প্রশাসন)